ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

<u>স-২২৬৬</u>

আগরতলা,২৩ ডিসেম্বর,২০২৪

**২০২৫ সালের মাধ্যমিক ২৫ ফেব্রুয়ারি এবং উচ্চমাধ্যমিক ২৪ ফেব্রুয়ারি থেকে**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত ২০২৫ সালের মাধ্যমিক পরীক্ষা ২৫ ফেব্রুয়ারি থেকে এবং উচ্চমাধ্যমিক পরীক্ষা ২৪ ফেব্রুয়ারি থেকে শুরু হবে। আজ ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের কনফারেন্স হলে এক সাংবাদিক সম্মেলনে পর্ষদের সভাপতি ড. ধনঞ্জয় গণ চৌধুরী একথা জানান। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন পর্ষদের সচিব দুলাল দে। সাংবাদিক সম্মেলনে জানানো হয়েছে, ২০২৫ সালের ২৫ ফেব্রুয়ারি থেকে শুরু হবে মাধ্যমিক ও মাদ্রাসা আলিম পরীক্ষা। মাধ্যমিক ও মাদ্রাসা আলিম পরীক্ষা সমাপ্ত হবে ১৮ মার্চ। ২০২৫ সালের ২৪ ফেব্রুয়ারি থেকে শুরু হবে উচ্চমাধ্যমিকের বিজ্ঞান, কলা ও বাণিজ্য বিভাগ এবং মাদ্রাসা ফাজিল আর্টস ও থিওলজি পরীক্ষা। উচ্চমাধ্যমিকের পরীক্ষা সমাপ্ত হবে ১৭ মার্চ। মাধ্যমিক, মাদ্রাসা আলিম, উচ্চমাধ্যমিক, মাদ্রাসা ফাজিল আর্টস ও থিওলজি পরীক্ষার ফর্ম ফিলআপ শুরু হবে ১০ জানুয়ারি থেকে। ৩১ জানুয়ারি, ২০২৫ পর্যন্ত ফর্ম ফিলআপের কাজ চলবে।

*****